অনার্স প্রথম বর্ষ -২০১৬
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

প্রশ্ন ক: "বাংলা ভাষা মাগধী প্রাকৃত থেকে মাগধী অপভ্রংশের মধ্য দিয়ে উৎপন্ন"- এ মত কার?
উত্তর: এই মতটি স্যার জর্জ গ্রিয়ারসন ও ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের।

প্রশ্ন খ: সংস্কৃত ভাষা কোন স্তরের ভাষা?
উত্তর: সংস্কৃত ভাষা শতম স্তরের ভাষা।

প্রশ্ন গ: যেকোনো দুজন বাঙালি ভাষাবিজ্ঞানীর নাম লেখ।
উত্তর: ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ও ড. হুমায়ুন আজাদ।

প্রশ্ন ঘ: ODBL গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: ODBL গ্রন্থের রচয়িতা হলেন ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

প্রশ্ন ঙ: প্রাকৃত ভাষা কী?
উত্তর: সংস্কৃত ভাষার কঠোর বিধিবিধান থেকে অনেকাংশ মুক্ত মধ্যভারতীয় আর্য ভাষার অন্যতম নিদর্শন প্রাকৃত ভাষা, খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতাব্দী থেকে এই ভাষার উদ্ভব।

প্রশ্ন চ: বাংলা ভাষায় যুক্তাক্ষরের সংখ্যা কয়টি?
উত্তর: বাংলা ভাষায় যুক্তাক্ষরের সংখ্যা ৩৬টি।

প্রশ্ন ছ: প্রমিত বাংলা বানানের নিয়ম কখন প্রবর্তিত হয়?
উত্তর: প্রমিত বাংলা বানানের নিয়ম প্রবর্তিত হয় ১৯৯২ সালে।

প্রশ্ন জ: IPA বলতে কী বুঝায়?
উত্তর: IPA বলতে International Phonetic Alphabet বুঝায়।

প্রশ্ন ঝ: গুরুচণ্ডালি দোষ কী?
উত্তর: সাধু ও চলিত ভাষার মিশ্রণকে গুরুচণ্ডালি দোষ বলে।

অনার্স প্রথম বর্ষ -২০১৭
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. প্রশ্ন: ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত থেকে?
উত্তর: ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উৎপত্তি গৌড়ীয় প্রাকৃত থেকে।

খ. প্রশ্ন: আদিতে অপভ্রংশ কোন সমাজে ব্যবহৃত হতো?
উত্তর: আদিতে অপভ্রংশ ভারতীয় আর্য সমাজে ব্যবহৃত হতো।

গ. প্রশ্ন: ভাষার ইতিহাসে পাণিনি বিখ্যাত কেন?
উত্তর: খ্রিস্টপূর্ব ৭ম শতকে সংস্কৃত ভাষায় রচিত "অষ্টাধ্যয়ী" ব্যাকরণ রচনার জন্য ভাষার ইতিহাসে পাণিনি বিখ্যাত।

ঘ. প্রশ্ন: ভারতীয় আর্য ভাষার প্রাচ্য শাখার অন্তর্গত ভাষাসমূহকে "মাগধী ভাষা" বলে অভিহিত করেছেন কে?
উত্তর: ভারতীয় আর্য ভাষার প্রাচ্য শাখার অন্তর্গত ভাষাসমূহকে "মাগধী ভাষা" বলে অভিহিত করেছেন ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

ঙ. প্রশ্ন: মধ্যভারতীয় আর্য ভাষার প্রথম উপস্তরের সময়সীমা লেখ।
উত্তর: মধ্যভারতীয় আর্য ভাষার প্রথম উপস্তরের সময়সীমা খ্রিস্টপূর্ব ৫০০ হতে ১০০ খ্রিস্টাব্দ পর্যন্ত।

চ. প্রশ্ন: 'বরেন্দ্রী' উপভাষা বাংলাদেশের কোন অঞ্চলে ব্যবহৃত হয়?
উত্তর: 'বরেন্দ্রী' উপভাষা বাংলাদেশের উত্তর অঞ্চলে (রাজশাহী, পাবনা, বগুড়া) ব্যবহৃত হয়।

ছ. প্রশ্ন: 'হ্ম' যুক্তবর্ণটির বিশ্লিষ্ট রূপ লেখ।
উত্তর: 'হ্ম' যুক্তবর্ণটির বিস্তৃত রূপ 'হ + ম'।

জ. প্রশ্ন: প্রমিত বাংলা বানানরীতি কী?
উত্তর: বাংলা বানানের জটিলতা পরিহার করে বাংলাদেশের সর্বত্র এক বানান রক্ষার্থে বাংলা একাডেমি প্রণীত বানানের নিয়মকে প্রমিত বাংলা বানান রীতি বলে।

ঝ. প্রশ্ন: 'ক্ষুধার্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ কর।
উত্তর: 'ক্ষুধার্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো ক্ষুধা + ঋত।

ঝ. প্রশ্ন: বিরামচিহ্নের প্রথম সার্থক প্রয়োগ করেন কে?
উত্তর: বিরামচিহ্নের প্রথম সার্থক প্রয়োগ করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

ট.প্রশ্ন: 'উৎকর্ষতা' শব্দটির অপ্রয়োগজনিত ভুলের শুদ্ধরূপ লেখ।
উত্তর: 'উৎকর্ষতা' শব্দটির শুদ্ধরূপ হলো 'উৎকর্ষ'। ('উৎকর্ষ' শব্দের সাথে 'তা' প্রত্যয় যোগ করা ব্যাকরণগতভাবে বাহুল্য দোষে দুষ্ট)।

ঠ. প্রশ্ন: 'প্রতিবেদন' শব্দের অর্থ কী?
উত্তর: 'প্রতিবেদন' শব্দের অর্থ হলো 'বিবরণী'।

অনার্স প্রথম বর্ষ -২০১৮
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. প্রশ্ন : ইন্দো-ইরানীয়ান শাখার ভাষা গোষ্ঠীর উৎপত্তি কত বছর আগে?
উত্তর: ইন্দো-ইরানীয়ান শাখার ভাষা গোষ্ঠীর উৎপত্তি আনুমানিক খ্রিস্টপূর্ব ৩০০ অব্দে।

খ. প্রশ্ন : বাংলা লিপির উৎস কোন লিপি থেকে?
উত্তর: বাংলা লিপির উৎস 'ব্রাহ্মীলিপি' থেকে।

গ. প্রশ্ন : পতঞ্জলি রচিত ব্যাকরণ গ্রন্থের নাম লেখ।
উত্তর: পতঞ্জলি রচিত ব্যাকরণ গ্রন্থের নাম 'মহাভাষ্য'।

ঘ. প্রশ্ন : গৌড় প্রাকৃতের পরবর্তী স্তর কোনটি? উত্তর: গৌড় প্রাকৃতের পরবর্তী স্তর গৌড় অপভ্রংশ।

ঙ. প্রশ্ন : নব্যভারতীয় আর্য ভাষার আধুনিক পর্বের দুটি ভাষার নাম লেখ।
উত্তর: নব্যভারতীয় আর্যভাষার আধুনিক পর্বের দুটি ভাষা হলো 'বাংলা' ও 'অসমিয়া'।

চ. প্রশ্ন : 'জানালা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
উত্তর: 'জানালা' শব্দটি পর্তুগিজ ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে।

ছ. প্রশ্ন : 'জ্ঞ' যুক্তাক্ষরে কোন কোন বর্ণ রয়েছে?
উত্তর: 'জ্ঞ' যুক্তাক্ষরে 'জ্' ও 'ঞ' বর্ণ রয়েছে।

জ . প্রশ্ন : একই ব্যঞ্জন ছাড়াও অন্য কোন উপায়ে ধ্বনির দ্বিত্ব হয়?
উত্তর: একই ব্যঞ্জন ছাড়াও স্পষ্ট ধ্বনির সংযোগ, শিশধ্বনির দ্বিত্ব, তরল ধ্বনির দ্বিত্বের মাধ্যমে ব্যঞ্জন ধ্বনির দ্বিত্ব হয়।

ঝ . প্রশ্ন : ODBL এর পূর্ণরূপ লিখ।
উত্তর: ODBL এর পূর্ণরূপ হলো The Origin and Development of the Bengali Language.

ঞ. প্রশ্ন কোন কোন ভাষার মিশ্রণকে 'গুরুচণ্ডালী' দোষ বলা হয়?
উত্তর: সাধু ও চলিত ভাষার মিশ্রণকে 'গুরুচণ্ডালী' দোষ বলা হয়।

ট. .প্রশ্ন : ভাষার ক্ষুদ্রতম উপাদান কী?
উত্তর: ভাষার ক্ষুদ্রতম উপাদান হলো ধ্বনি।

ঠ. প্রশ্ন : প্রতিবেদনে সাধারণত কয়টি অংশ থাকে এবং কী কী?
উত্তর: প্রতিবেদনে সাধারণত তিনটি অংশ থাকে। যথা:
ক. প্রারম্ভিক অংশ
খ. প্রধান অংশ
গ. পরিশিষ্ট

অনার্স প্রথম বর্ষ -২০১৯
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক কালসীমা উল্লেখ কর।
উত্তর: প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক কালসীমা খ্রিস্টপূর্ব ১৫০০-৬০০ অব্দ পর্যন্ত।

খ. গৌড় অপভ্রংশের পূর্ববর্তী ভাষাকে কী বলে?
উত্তর: গৌড় অপভ্রংশের পূর্ববর্তী ভাষাকে গৌড়ী প্রাকৃত বলে।

গ. মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় উপস্তরের নাম কী?
উত্তর: মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় উপস্তরের নাম মাগধী প্রাকৃত।

ঘ. মাগধী প্রাকৃতে তিনটি উষ্মবর্ণ শ/ষ/স স্থানে কোন বর্ণ ব্যবহৃত হয়?
উত্তর: মাগধী প্রাকৃতে তিনটি উষ্মবর্ণ শ/ষ/স স্থানে শ ব্যবহৃত হয়।

ঙ. 'বাংলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থটির রচয়িতার নাম কী?
উত্তর: 'বাংলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থটির রচয়িতার নাম ড. মুহম্মদ শহীদুল্লাহ।

চ. বাংলা একাডেমি কত সালে প্রমিত বাংলা বানানের নিয়ম প্রবর্তন করে?
উত্তর: বাংলা একাডেমি ১৯৯২ সালে প্রমিত বাংলা বানানের নিয়ম প্রবর্তন করে।

ছ. মহাপ্রাণ ধ্বনি ঘ, ধ, ভ স্থানে গ, দ, ব উচ্চারিত হয় কোন উপভাষায়?
উত্তর: মহাপ্রাণ ধ্বনি ঘ, দ, ভ স্থানে গ, দ, ব উচ্চারিত হয় প্রাচ্য উপভাষায়।

জ. 'দারোগা' কোন ভাষার শব্দ?
উত্তর: 'দারোগা' ফারসি ভাষার শব্দ।

ঝ. 'অহোরাত্রি' শব্দটির অপ্রয়োগজনিত ভুলের শুদ্ধরূপ লেখ।
উত্তর: 'অহোরাত্রি' শব্দটির অপ্রয়োগজনিত ভুলের শুদ্ধরূপ অহোরাত্র।

ঞ. 'হ্য' যুক্তবর্ণটির বিশ্লিত রূপ লেখ।
উত্তর: 'হ্য' যুক্তবর্ণটির বিশ্লিত রূপ হ্ + য।

ট. বাংলা ভাষায় গদ্যে চলিতরীতির প্রবর্তক কে?
উত্তর: বাংলা ভাষায় গদ্যে চলিতরীতির প্রবর্তক প্রমথ চৌধুরী।

ঠ. দুই বা ততোধিক শব্দ যুক্ত করার ক্ষেত্রে কোন বিরামচিহ্ন ব্যবহৃত হয়?
উত্তর: দুই বা ততোধিক শব্দ যুক্ত করার ক্ষেত্রে হাইফেন ব্যবহৃত হয়।

অনার্স প্রথম বর্ষ -২০২০
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. কেল্‌টুম শাখা কয় ভাগে বিভক্ত?
উত্তর: কেল্‌টুম শাখা পাঁচটি ভাগে বিভক্ত।

খ. ভারতীয় আর্য ভাষার কোন স্তরে নব্যভারতীয় আর্য ভাষাগুলো অবস্থিত?
উত্তর: ভারতীয় আর্য ভাষার মাগধী অপভ্রংশ এবং তৎপরবর্তী অবহট্টের স্তরে নব্যভারতীয় আর্য ভাষাগুলো অবস্থিত।

গ. পাণিনির ব্যাকরণ গ্রন্থের নাম কী?
উত্তর: পাণিনির ব্যাকরণ গ্রন্থের নাম অষ্টাধ্যায়ী।

ঘ. আর্যদের প্রাচীনতম সাহিত্য রচনার সংকলন কোনটি?
উত্তর: আর্যদের প্রাচীনতম সাহিত্য রচনার সংকলন ঋগ্বেদ।

ঙ. ODBL এর পূর্ণরূপ লেখ।
উত্তর: ODBL এর পূর্ণরূপ The Origin and Development of the Bengali Language.

চ. 'গালিচা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
উত্তর: 'গালিচা' শব্দটি ফারসি ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে।

ছ. কোন বাংলা স্বরধ্বনি বর্ণমালায় নেই, কিন্তু ভাষায় ধ্বনি হিসেবে ব্যবহৃত হয়?
উত্তর: অ্যা (এ্যা) বাংলা স্বরধ্বনি বর্ণমালায় নেই, কিন্তু ভাষায় ধ্বনি হিসেবে ব্যবহৃত হয়।

জ. প্রাণিবাচক তৎসম শব্দে কোন ই-কার বসে?
উত্তর: প্রাণিবাচক তৎসম শব্দে ই-কার বসে।

ঝ. 'Faculty' শব্দটির পারিভাষিক অর্থ লেখ।
উত্তর: 'Faculty' শব্দটির পারিভাষিক অর্থ অনুষদ।

ঞ. নিপাতনে সিদ্ধ কী?
উত্তর: নিয়ম বহির্ভূত অথচ সিদ্ধ এরকম কিছুকে নিপাতনে সিদ্ধ বলে। সন্ধিতে এটি বেশি দেখা যায়।

ট. 'তীক্ষ্ণ' শব্দের যুক্ত বর্ণটিতে কোন কোন বর্ণ আছে?
উত্তর: 'তীক্ষ্ণ' শব্দের যুক্ত বর্ণটিতে ক + ষ + ণ বর্ণ আছে।

ঠ. 'দেন্যতা সবসময় ভালো নয়।' - এ বাক্যের অপ্রয়োগজনিত ভুলের শুদ্ধরূপ লেখ।
উত্তর: 'দৈন্য সবসময় ভালো নয়।’

অনার্স প্রথম বর্ষ -২০২১
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. বাংলা ভাষার প্রথম ব্যাকরণ গ্রন্থ কে রচনা করেন?
উত্তর: বাংলা ভাষার প্রথম ব্যাকরণ গ্রন্থ রচনা করেন মানোএল দ্য আসসুম্পসাঁও।

খ. 'প্রাকৃত ভাষা' কী?
উত্তর: সংস্কৃত ভাষার কঠোর বিধিবিধান থেকে অনেকংশে মুক্ত মধ্যভারতীয় আর্য ভাষার অন্যতম নিদর্শন প্রাকৃত ভাষা। খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতাব্দী থেকে এ ভাষার উদ্ভব।

গ. পালি ভাষায় কারা ধর্মগ্রন্থ রচনা করেন?
উত্তর: পালি ভাষায় ধর্মগ্রন্থ রচনা করেন বৌদ্ধরা।

ঘ. বরেন্দ্রী উপভাষা বাংলাদেশের কোন অঞ্চলে ব্যবহৃত হয়?
উত্তর: বরেন্দ্রী উপভাষা বাংলাদেশের উত্তরাঞ্চলে (রাজশাহী, পাবনা, বগুড়া) ব্যবহৃত হয়।

ঙ. 'রেস্তোঁরা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
উত্তর: 'রেস্তোঁরা' শব্দটি ফরাসি ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে।

চ. অপভ্রংশ কী?
উত্তর: মধ্যভারতীয় আর্যের যে সর্বজনীন রূপটি অবশিষ্ট লোকসাহিত্যের বাহক হয়ে উঠেছিল তাই অপভ্রংশ।

ছ. বাংলা একাডেমি কত সালে প্রমিত বাংলা বানানের নিয়ম প্রবর্তন করে?
উত্তর: বাংলা একাডেমি ১৯৯২ সালে প্রমিত বাংলা বানানের নিয়ম প্রবর্তন করে।

জ. দুটি ঘোষ ধ্বনির উদাহরণ দাও।
উত্তর: দুটি ঘোষ ধ্বনির উদাহরণ গ-ঘ-ঙ ও জ-ঝ-ঞ।

ঝ. 'জ্ঞ' শব্দে ব্যবহৃত যুক্তবর্ণগুলোর পরিচয় দাও।
উত্তর: জ্ঞ = জ + ঞ।

ঞ. বাংলা গদ্যে বিরামচিহ্নের প্রথম সার্থক প্রয়োগ করেন কে?
উত্তর: বাংলা গদ্যে বিরামচিহ্নের প্রথম সার্থক প্রয়োগ করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

ট. 'Manifesto' শব্দটির পারিভাষিক রূপ লেখ।
উত্তর: 'Manifesto' শব্দটির পারিভাষিক রূপ ইশতাহার।

ঠ. 'IPA' এর পূর্ণরূপ কী?
উত্তর: 'IPA' এর পূর্ণরূপ International Phonetics Alphabet।

অনার্স প্রথম বর্ষ -২০২২
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. কোন লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়েছে?
উত্তর: ব্রাহ্মী লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়েছে।

খ. গৌড়ীয় প্রাকৃতের পরবর্তী স্তর কোনটি?
উত্তর: গৌড়ীয় প্রাকৃতের পরবর্তী স্তর গৌড় অপভ্রংশ।

গ. 'তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান' গ্রন্থের লেখক কে?
উত্তর: 'তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান' গ্রন্থের লেখক ড. হুমায়ুন আজাদ।

ঘ. বাংলা শব্দের ব্যবহার প্রথম কে, কোন গ্রন্থে্ন করেন?
উত্তর: বাংলা শব্দের ব্যবহার প্রথম আবুল ফজল 'আইন ই আকবারী' গ্রন্থে্ করেন।

ঙ. 'বঙ্গীয় শব্দকোষ' কে প্রণয়ন করেন?
উত্তর: সংস্কৃতজ্ঞ পন্ডিত এবং অধ্যাপক শ্রী হরিচরণ বন্দ্যোপাধ্যায় 'বঙ্গীয় শব্দকোষ' প্রণয়ন করেন।

চ. আদিতে অপভ্রংশ কোন সমাজে ব্যবহৃত হতো?
উত্তর: আদিতে অপভ্রংশ ভারতীয় আর্য সমাজে ব্যবহৃত হতো।

ছ. 'ক্ষ' যুক্তবর্ণটি কী কী বর্ণে সমন্বয়ে গঠিত? উদাহরণ দাও।
উত্তর: 'ক্ষ' যুক্তবর্ণটি ক্ + ষ বর্ণে সমন্বয়ে গঠিত হয়েছে।

জ. 'আবশ্যকী ব্যে কার্পণ্য অনুচিত'—বাক্যটির শুদ্ধরূপ লেখ।
উত্তর: 'আবশ্যকী ব্যয়ে কার্পণ্য অনুচিত'—বাক্যটির শুদ্ধরূপ হলো আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।

ঝ. 'সর্বস্বান্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ কর।
উত্তর: 'সর্বস্বান্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ হলো সর্বস্ব + অন্ত = সর্বস্বান্ত।

ঞ. 'ইতিপূর্বে' শব্দটির অপ্রয়োগজনিত ভুলের শুদ্ধরূপ কী?
উত্তর: 'ইতিপূর্বে' শব্দটির অপ্রয়োগজনিত ভুলের শুদ্ধরূপ হলো ইতঃপূর্বে।

ট. 'Cultured' শব্দটির পারিভাষিক রূপ লেখ।
উত্তর: 'Cultured' শব্দটির পারিভাষিক রূপ হলো সভ্য বা মার্জিত।

ঠ. ODBL এর পূর্ণরূপ কী?
উত্তর: ODBL এর পূর্ণরূপ The Origin and Development of the Bengali Language.

অনার্স প্রথম বর্ষ -২০২৩
বাংলা ভাষার ইতিহাস ব্যবহারিক বাংলা

ক. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত থেকে?
উত্তর: ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষার উৎপত্তি গৌড়ীয় প্রাকৃত থেকে।

খ. 'মৈথিলী, মগহী, ভোজপুরিয়া' এই তিনটি কোন ভাষা নামে পরিচিত?
উত্তর: 'মৈথিলী, মগহী, ভোজপুরিয়া' এই তিনটি বিহারি ভাষা নামে পরিচিত।

গ. ইন্দো-ইউরোপীয় ভাষা বংশের কোন শাখাকে 'আর্য' শাখা বলে?
উত্তর: ইন্দো-ইউরোপীয় ভাষা বংশের ইন্দো-ভারতীয় শাখাকে আর্য শাখা বলে।

ঘ. মাগধী প্রাকৃতে তিনটি উষ্মবর্ণ স্থানে কোন শ/ষ/স ব্যবহৃত হয়?
উত্তর: মাগধী প্রাকৃতে তিনটি উষ্মবর্ণ শ/ষ/স স্থানে শ ব্যবহৃত হয়।

ঙ. ব্যাকরণবিদ মার্কণ্ডেয়'র মতে অপভ্রংশ কয়টি?
উত্তর: ব্যাকরণবিদ মার্কণ্ডেয়'র মতে অপভ্রংশ ২৭টি।

চ. বাংলা গদ্যে বিরামচিহ্নের সার্থক প্রয়োগ করেন কে?
উত্তর: বাংলা গদ্যে বিরামচিহ্নের সার্থক প্রয়োগ করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

ছ. 'সূক্ষ্ম' শব্দের যুক্তবর্ণটিতে কোন কোন বর্ণ আছে?
উত্তর: 'সূক্ষ্ম' শব্দের যুক্তবর্ণটিতে ক + ষ + ম আছে।

জ. ক + ত যুক্তাক্ষরের পরিবর্তিত রূপ লেখ।
উত্তর: ক + ত যুক্তাক্ষরের পরিবর্তিত রূপ হলো 'ক্ত'।

ঝ. বাংলা বর্ণমালায় দ্বিস্তর বা যুগ্ম স্বরধ্বনি কয়টি ও কী কী?
উত্তর: বাংলা বর্ণমালায় দ্বিস্তর বা যুগ্ম স্বরধ্বনি দুইটি। যথা: ঐ, ঔ।

ঞ. বিসর্গ সন্ধির নিয়মগুলো কোন ভাষার নিয়মে হয়ে থাকে?
উত্তর: বিসর্গ সন্ধির নিয়মগুলো তৎসম বা সংস্কৃত ভাষার নিয়মে হয়ে থাকে।

ট. কমা (,) এর বিরতি-কাল কত?
উত্তর: কমা (,) এর বিরতি-কাল এক বলতে যে সময় লাগে ততক্ষণ।

ঠ. 'শিরোচ্ছেদ' শব্দটির শুদ্ধরূপ কী?
উত্তর: 'শিরোচ্ছেদ' এর শুদ্ধরূপ হলো 'শিরশ্ছেদ'।